



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ।
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং-ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/২৪

তারিখঃ ০৭/০২/২০২৩ খ্রিঃ

২০২২ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল প্রাপ্তি ও প্রেস ব্রিফিং না হওয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি

সূত্র: আস্ত: শিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির ০৬-০২-২০২৩ খ্রি. তারিখের আশিবো/প্রশা:/২০১০/২৯ নং স্মারক পত্র

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা/২০২২ এর ফলাফল আগামী ৮ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিঃ বুধবার, বেলা ১০:৩০ টায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত হবার পর বেলা ১১:৩০ টায় দেশের সকল শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে এবং এসএমএস (Teletalk) এর মাধ্যমে একযোগে প্রকাশ করা হবে। বেলা ১১:৩০ থেকে ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানকে এবং পরীক্ষার্থীদেরকে Website: www.mymensingheducationboard.gov.bd ও www.educationboardresults.gov.bd এবং Institute Wise & Roll Wise ফলাফল সংগ্রহ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, ২০২২ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার ফলাফলের হার্ডকপি সরবরাহ করা হবে না। মাননীয় শিক্ষামন্ত্রীর সংবাদ সম্মেলনের পরপরই সাংবাদিকবৃন্দকে ফলাফলের পরিসংখ্যান ই-মেইলে প্রেরণ করা হবে এবং ফলাফল সংক্রান্ত কোন প্রেস ব্রিফিং বোর্ডে অনুষ্ঠিত হবে না।

প্রাপকঃ

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ

এ বোর্ডের আওতাধীন সকল এইচএসসি পরীক্ষা কেন্দ্র/

কলেজ/উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।

(মো: সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

ফোন : ০২-৯৯৭৭১০৪৪-২

ইমেইল: conbisemym@gmail.com

অনুলিপি ও সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়);

০১। জেলা প্রশাসক, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।

০২। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।

০৩। জেলা শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।

০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।

০৫। চেয়ারম্যান মহাদেয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

০৬। অফিস কপি।